

538/Beng.(C)N.S

UG/5th Sem/BNGH-CC-T-12/25

২০২৫

বাংলা

(অনার্স)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-12

(নাটকের রূপভেদ, বঙ্গরঙ্গমঞ্চ ও বাংলা নাটক)

[CBCS]

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্ত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) ট্রাজেডি শব্দটির উৎস নির্দেশ করো।
- খ) শ্রেষ্ঠ পৌরাণিক নাট্যকারের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।
- গ) পথনাটক কাকে বলে?
- ঘ) একাঙ্ক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঙ) কোন্ নাটকের অভিনয়ের মাধ্যমে ন্যাশনাল থিয়েটারের যাত্রা শুরু হয় এবং কবে?
- চ) লেবেডফের নাট্যশালার নাম কী ছিল? প্রথম কবে এখানে বাংলা নাটক অভিনয় হয়?
- ছ) 'মুই আজাদের দলে'—বক্তার এমন মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও।
- জ) 'নীলদর্পণ' নাটকের প্রথম প্রকাশকালে নাট্যকারের নামের পরিবর্তে কী লেখা ছিল?

[পরপৃষ্ঠায়]

- ১৭) নীলদর্পণ নাটকে গ্রামের মেয়েরা 'মাচেরটক সাহেব' কাকে বলেছে? যে কোন একজন প্রতিবাদী নারী চরিত্রের নাম লেখো।
- ১৮) রথের রশি তথা দড়ি-প্রভুকে প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া কী কী বস্তুর সঙ্গে তুলনা করছে?
- ১৯) কমেডির সংজ্ঞা দাও।
- ২০) 'তেরোনাল ফিরতি থাকে'—'তেরোনাল' শব্দের অর্থ কী? এই সংলাপটি কার?
- ২১) 'রথের রশি' নাটকে কে কাদের কেন বেনে বলেছেন?
- ২২) 'এও দেখতে হল চোখে!'—বক্তা কে? তাকে কী দেখতে হলো?
- ২৩) 'এযুগে পুষ্পধনুর ছিলেটাও
বেনের টানেই দেয় মিঠে সুরে টংকার' — সংলাপটি কার?
কার প্রতি করা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) প্রহসন ও কমেডির পার্থক্য বিচার করে একটি করে বাংলা প্রহসন ও কমেডির নাম লেখো।
- খ) রূপক ও সাংকেতিক নাটকের তুলনামূলক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- গ) মেলোড্রামার সংজ্ঞা দাও। মেলোড্রামার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। $২+৩$
- ঘ) 'রথে আছেন যিনি তিনিই সামলাবেন'—সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ঙ) একাঙ্ক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।
- চ) 'নীলদর্পণ' নাটকে সংগীতের পরিবর্তে ছড়া ব্যবহারের প্রাসঙ্গিকতা বিচার করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) 'রথের রশি' নাটক অবলম্বনে সমাজ বদলের ইতিহাস কীভাবে বিধৃত হয়েছে দেখাও।
- খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার অবদান ব্যাখ্যা করো।
- গ) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে ব্যাখ্যা করো। $২+৮$
- ঘ) বাংলা নাট্যশালার ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব নির্ণয় করো।